



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু ॥  
‘সি’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩১ জুলাই ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ শুরু হয়েছে। পরীক্ষা চলবে ৪ আগস্ট ২০২২ পর্যন্ত। মোট ১ হাজার ৮৮৮টি আসনের বিপরীতে ২ লাখ ৮৪ হাজার ৬০৬ জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

আজ ভর্তি পরীক্ষার প্রথম দিনে ‘সি’ ইউনিটভুক্ত কলা ও মানবিকী অনুষদ এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ‘সি’ ইউনিটে আসন সংখ্যা ৪৬৬টি। আবেদনকারীর সংখ্যা ছিল ৫৩ হাজার ৪৩০ জন।

উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম আজ কলা ও মানবিকী অনুষদ এবং জাবি স্কুল ও কলেজে ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, রেজিস্ট্রার (চুক্তি ভিত্তিক) রহিমা কানিজ, ভারপ্রাপ্ত প্রক্টর আ.স.ম. ফিরোজ-উল-হাসান প্রমুখ উপাচার্যের সঙ্গে ছিলেন। উপাচার্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান।

আগামীকাল ১ আগস্ট ‘বি’ ইউনিটভুক্ত সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ‘বি’ ইউনিটের আসন সংখ্যা ৩৮৬টি। আবেদনকারীর সংখ্যা ৪৮ হাজার ৩৪৮ জন।

ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট [juniv-admission.org](http://juniv-admission.org) এ পাওয়া যাচ্ছে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)